



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/০৩(২)/

তারিখঃ

বিষয় : সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার ও অধ্যক্ষের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা-১৩(এমপিও) এর ১০-০৪-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০০৯-১৫৩ নং স্মারক পত্র।।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ১০-০৪-২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৮.২০০৯-১৫৩ নং স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী কুষ্টিয়া জেলার সদর উপজেলাধীন কুষ্টিয়া ইসলামিয়া ডিগ্রী কলেজের সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব সাবিনা ইয়াসমিন এর চাকুরির প্রকৃত কার্যকাল সাতক্ষীরা দিবা নৈশ কলেজে প্রভাষক সমাজ বিজ্ঞান পদে প্রথম এমপিও ভুক্তির তারিখ (০১-০৩-১৯৯৭) হতে বিবেচনা করতে হবে এবং ঐ তারিখ থেকেই তার জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা গননা করতে হবে মর্মে বলা হয়েছে। এছাড়া জনাব সাবিনা ইয়াসমিন এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের জন্যও শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

খ) জালিয়াতির অভিযোগে কলেজের অধ্যক্ষ জনাব মোঃ নওয়াব আলীর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট আদেশ যথাযথভাবে প্রতিপালন করার জন্য আপনাকে বলা হল।

সংযুক্তি : শিক্ষা মন্ত্রণালয়ের আদেশের ছায়াকপি।

সভাপতি, গভার্ণিং বডি  
কুষ্টিয়া ইসলামিয়া কলেজ  
কুষ্টিয়া।

৩৪৬ :  
(অমল কুমার বিশ্বাস)  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/০৩(২)/

তারিখঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুষ্টিয়া।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৭। অধ্যক্ষ, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ, কুষ্টিয়া।
- ৮। উপাধ্যক্ষ, জনাব সাবিনা ইয়াসমিন, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ, কুষ্টিয়া।
- ৯। অফিস নথি।

৩৪৬ :  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
৬/৫/১৬